তথ্যের ক্যাটালগ ও ক্যাটাগরি বিষয়ক নির্দেশিকা ২০২৩

(তৃতীয় সংস্করণ)

(তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে প্রণীত)

আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
	প্রথম অধ্যায়	
১.	নির্দেশিকা সম্পর্কিত সাধারন বিষয়	৩
	দ্বিতীয় অধ্যায়	
২.	প্রাথমিক বিষয়াদি	৩
	২.১ নির্দেশিকার উদ্দেশ্য	৩
	২.২ তথ্য অবমুক্তকরণ নীতি	৩
	২.৩ সংজ্ঞা	৩
	তৃতীয় অধ্যায়	
৩.	তথ্যের শ্রেণিবিন্যাস	৪-৯
	৩.১ স্ব-প্রণোদিত তথ্য	৪-৫
	৩.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য	৬
	৩.৩ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়	৬
	৩.৪ কারিগরি তথ্য	৬
	৩.৫ অকারিগরি তথ্য	৬
	৩.৬ তথ্যের ভাষা	৬
	৩.৭ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি	৭
	৩.৮ আবেদন প্রক্রিয়া	৭
	৩.৯ তথ্য প্রদানের সময়সীমা	৭
	৩.১০ তথ্যের মূল্যতালিকা	৮
	৩.১১ তথ্য প্রদানে অপারগতা	৮
	৩.১২ আপীল প্রক্রিয়া ও সময়সীমা	৮
পরিশিষ্টঃ ১	তথ্য অবমুক্তকরণ ছক	৯

প্রথম অধ্যায়: নির্দেশিকা সম্পর্কিত সাধারন বিষয়

১.০ নির্দেশিকা প্রণয়ন কতৃপক্ষ: আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ

১.১ নির্দেশিকা অনুমোদন ও ১ম জারির তারিখ: ডিসেম্বর, ২০২১

১.২ নির্দেশিকার ২য় সংস্করণ প্রকাশঃ ডিসেম্বর, ২০২২

১.৩ যে নামে নির্দেশিকা কার্যকর হবে: তথ্যের ক্যাটালগ ও ক্যাটাগরি বিষয়ক নির্দেশিকা- ২০২৩ (৩য় সংস্করণ)

দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

২.১ নির্দেশিকার উদ্দেশ্য

তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে অবাধ ও স্বচ্ছ তথ্যপ্রবাহ নিশ্চিতকরণের লক্ষে তথ্যের ক্যাটালগ ও ক্যাটাগরি নির্ধারণ করাই হচ্ছে নির্দেশিকা প্রণয়নের মূল উদ্দেশ্য। তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়নের মাধ্যমে আইনের বিধান সাপেক্ষে কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার যেমন নিশ্চিত করা হয়েছে, তেমনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যেকোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে চাহিত তথ্য সরবরাহ করার বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। জনগণের শাসনতান্ত্রিক ও আইনগতভাবে তথ্য লাভের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর জনসম্পৃক্ত তথ্য অবমুক্তকরণ ও প্রচারের লক্ষ্যে একটি বিধিগত কাঠামো প্রণয়নই এ নির্দেশিকার অন্যতম উদ্দেশ্য।

২.২ তথ্য অবমুক্তকরণ নীতি

আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ শিল্প সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে ব্যক্তি উদ্যোগকে প্রাধান্য দিয়ে বিভিন্ন প্রকার নীতি ও কর্ম কৌশল প্রণয়ন করে থাকে। এ সকল কর্মকান্ড বিদ্যুৎ সংশ্লিষ্ট স্টেকহোল্ডার এবং নাগরিকদের জন্য উন্মুক্ত রাখার নীতিতে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ বিশ্বাস করে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিতকরণে অবাধ তথ্য প্রবাহ বিশেষ ভূমিকা পালন করে। এ উদ্দেশ্যে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ দেশের নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকারকে অগ্রাধিকার প্রদানের নীতিতে বিশ্বাসী।

২.৩ সংজ্ঞা

ক) **তথ্য:** তথ্য অর্থে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্ততকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে;

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট বা নোটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না;

(খ) **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:** তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইনের ১০ ধারা অনুযায়ী তথ্য সরবরাহের জন্য আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর নিয়োজিত কর্মকর্তা।

(গ) **তথ্য প্রদান ইউনিট:** আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অধীনে গঠিত তথ্য প্রদান ইউনিট।

(ঘ) **কর্তৃপক্ষ:** কর্তৃপক্ষ বলতে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ বুঝাবে।

(ঙ) **আপীল কর্তৃপক্ষ:** আপীল কর্তৃপক্ষ বলতে সচিব, আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ বুঝাবে।

(চ) **তথ্য কমিশন:** তথ্য অধিকার আইনের অধীনে প্রতিষ্ঠিত কমিশন।

তৃতীয় অধ্যায়:

৩.০ তথ্যের শ্রেণিবিন্যাস

তথ্য অধিকার আইন অনুযায়ী আইনের বিধানাবলি সাপেক্ষে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে ও জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য সরবরাহ করতে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ বাধ্য থাকবে। আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ সংরক্ষিত তথ্য সমূহকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

- স্ব-প্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

৩.১ স্ব-প্রণোদিত তথ্য

এই শ্রেণির আওতাভূক্ত তথ্যগুলো তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব-প্রণোদিতভাবে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর ওয়েবসাইটে (www.apscl.gov.bd) প্রকাশিত থাকবে। স্বপ্রণোদিত তথ্যের তালিকা নিম্নরূপঃ

স্বাপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা

ক্রমিক নং	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম	তথ্য হালনাগাদের সময়	তথ্য হালনাগাদের দায়িত্বপ্রাপ্ত দপ্তর
১.	এপিএসসিএল সম্পর্কিত তথ্য	ওয়েবসাইট	প্রয়োজনানুসারে	কোম্পানি সচিবালয়
২.	মিশন ও ভিশন	ওয়েবসাইট		
৩.	নোটিশ বোর্ড	ওয়েবসাইট/মুদ্রণ		কোম্পানি সচিবালয়/ এইচ আর এম/ আইসিটি
	পরিচালনা পর্ষদের তথ্যাদি	ওয়েবসাইট/ বার্ষিক প্রতিবেদন	বাৎসরিক ও প্রয়োজনানুসারে	কোম্পানি সচিবালয়
৩.	পরিচালনা পর্ষদের ভূমিকা ও দায়িত্ব	বার্ষিক প্রতিবেদন	বাৎসরিক ও প্রয়োজনানুসারে	
৪.	মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এ্যাসোসিয়েশন	মুদ্রণ	প্রয়োজনানুসারে	
৫.	আর্থিক প্রতিবেদন	ওয়েবসাইট	ত্রৈমাসিক ও প্রয়োজনানুসারে	
৬.	বার্ষিক প্রতিবেদন	ওয়েবসাইট/মুদ্রণ	বাৎসরিক	
৭.	বন্ড সম্পর্কিত তথ্যাদি	ওয়েবসাইট/ বার্ষিক প্রতিবেদন	প্রয়োজনানুসারে/ বাৎসরিক	
৮.	বিনিয়োগকারীদের জন্য নোটিশ	ওয়েবসাইট/মুদ্রণ	প্রয়োজনানুসারে	
৯.	নিউজ ও ইভেন্ট	ওয়েবসাইট/ফেসবুক পেইজ	প্রয়োজনানুসারে	

১০.	সচেতনতামূলক প্রচারণা	ওয়েবসাইট/ডিজিটাল ডিসপ্লে বোর্ড/ ফেসবুক পেইজ	প্রয়োজনানুসারে	আইসিটি/ কোম্পানি সচিবালয়
১১.	সরকারের বিদ্যুৎখাতের সফলতার প্রচারণা	ওয়েবসাইট/ডিজিটাল ডিসপ্লে বোর্ড/ ফেসবুক পেইজ	প্রয়োজনানুসারে	আইসিটি /কোম্পানি সচিবালয়
১২.	তথ্য অধিকার	ওয়েবসাইট ও প্রচারপত্র	ত্রৈমাসিক ও প্রয়োজনানুসারে	কোম্পানি সচিবালয় ও এইচআরএম
১৩.	বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত তথ্য	ওয়েবসাইট	প্রয়োজন অনুসারে	পিএন্ডডি
১৪.	প্রকল্প সমূহের তথ্য	ওয়েবসাইট	মাসিক	
১৫.	উদ্ভাবনী কার্যক্রম	ওয়েবসাইট	বাৎসরিক	পিএন্ডডি/আইসিটি
১৬.	কর্মকর্তা/কর্মচারীদের এনওসি	ওয়েবসাইট/নোটিশ বোর্ড	প্রয়োজনানুসারে	এইচআরএম
১৭.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	ওয়েবসাইট	বাৎসরিক	
১৮.	শুদ্ধাচার কৌশল	ওয়েবসাইট	বাৎসরিক	
১৯.	উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের যোগাযোগের ঠিকানা	ওয়েবসাইট	প্রয়োজনানুসারে	এইচআরএম /আইসিটি
২০.	সিটিজেন চার্টার	ওয়েবসাইট	ত্রৈমাসিক/ প্রয়োজনানুসারে	এইচআরএম
২১.	নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি	ওয়েবসাইট/পত্রিকা	প্রয়োজনানুসারে	
২২.	বার্ষিক ক্রয় পরিকল্পনা	ওয়েবসাইট	বাৎসরিক	প্রকিউরমেন্ট
২৩.	দরপত্র সম্পর্কিত তথ্যাদি	ওয়েবসাইট/পত্রিকা	প্রয়োজনানুসারে	
২৪.	ইআইএ ও অন্যান্য পরিবেশগত প্রতিবেদন	ওয়েবসাইট/ বার্ষিক প্রতিবেদন	বাৎসরিক	ইএইচএসই

নোটঃ উপরে উল্লিখিত তথ্য হালনাগাদের দায়িত্বপ্রাপ্ত দপ্তর যথাসময়ে আইসিটি বিভাগে তথ্য প্রদান করে থাকে এবং আইসিটি বিভাগ প্রাপ্ত তথ্য ওয়েবসাইটে হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে।

৩.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ-এর অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবে। উদাহরণস্বরূপ- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমন সংক্রান্ত তথ্য, কোম্পানি/বোর্ডের পরিচালক সংক্রান্ত তথ্য, কোম্পানির উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য ইত্যাদি।

৩.৩ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় বর্ণিত আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ-এর জন্য প্রয়োজ্য কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ বাধ্য থাকবে না। উদাহরণস্বরূপ- তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য, কোম্পানির গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা, কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগনের ব্যক্তিগত তথ্য, কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রের গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য, রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন, সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য এবং এছাড়া সময়ে সময়ে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ ঘোষিত তালিকা মোতাবেক গোপনীয় তথ্য ইত্যাদি।

৩.৪ কারিগরি তথ্য

আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প সংক্রান্ত তথ্য সমূহ কারিগরি তথ্যের আওতাভূক্ত। উদাহরণস্বরূপ- বিদ্যুৎ কেন্দ্রের পরিচালনা, বিদ্যুৎ কেন্দ্রের অংশবিশেষ যেমন: টারবাইন, বয়লার, এইচআরএসজি, আরএমএস, সাবস্টেশন, বিদ্যুৎ কেন্দ্র ব্যবহৃত প্রযুক্তি, ঠিকাদার প্রতিষ্ঠানের নাম, বিনিয়োগকারী সংস্থা, প্রকল্প ব্যয়, ফুয়েল, বাণিজ্যিকভাবে উৎপাদন আরম্ভের তারিখ, মোট উৎপাদন ক্ষমতা ইত্যাদি।

৩.৫ অ-কারিগরি তথ্য

আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ এর বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প সংক্রান্ত তথ্য সমূহ বাদে অন্যান্য তথ্যসমূহ অ-কারিগরি তথ্যের আওতাভূক্ত। উদাহরণস্বরূপ- কর্মকর্তা/কর্মচারীদের এনওসি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল, উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের যোগাযোগের ঠিকানা, নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, সিটিজেন চার্টার, স্বাস্থ্য ও নিরাপত্তা, বার্ষিক প্রতিবেদন, নিউজ ও ইভেন্ট, টেন্ডার নোটিশ, সচেতনতামূলক প্রচারণা, সরকারের বিদ্যুৎখাতের সফলতার প্রচারণা ইত্যাদি।

৩.৬ তথ্যের ভাষা

(ক) ৩.০ নং সেকশনে প্রদেয় যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ কার্যক্ষেত্রে ব্যবহৃত বাংলা ভাষায় পাওয়া যাবে।

(খ) আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ তথ্যটি যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সেভাবেই প্রদান করা হবে।

(গ) আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ কোন তথ্য ভাষান্তর/ অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নিবে না।

৩.৭ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি

তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ, বিধি মোতাবেক তথ্য সরবরাহ, তথ্য সংরক্ষণ এ তথ্য প্রকাশে কর্তৃপক্ষকে সহায়তা ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরী। ইন্দ্রীয় প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সার্বিক সহায়তা করা। প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে কমিশনের অন্য কোন পারদর্শী কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

৩.৮ আবেদন প্রক্রিয়া

কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে নির্ধারিত ফরমেটে মুদ্রিত ফরমে (ফরম 'ক') বা সাদা কাগজে বা ই-মেইলে আবেদন করতে পারবেন। আবেদনের ফরম আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

(অ) আবেদনকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) আবেদনকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি;

(উ) আবেদনকারী প্রতিবন্ধী হলে সহায়তাকারীর তথ্য।

৩.৯ তথ্য প্রদানের সময়সীমা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা না থাকলে আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকৃত তথ্য সরবরাহ করবেন। অন্যান্য ক্ষেত্রে তথ্য প্রদানের সময়সীমা নিম্নরূপঃ

ক) কোন ব্যক্তির জীবন, মৃত্যু, গ্রেফতার, কারাগার হতে মুক্তি সংক্রান্ত জরুরী বিষয় হলে ২৪ ঘন্টার মধ্যে সাধারণ তথ্য প্রদান করতে হবে [ধারা- ৯(৪)]

খ) অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক ইউনিট/কর্তৃপক্ষ সংশ্লিষ্ট হলে অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে [ধারা-৯ (২)]

গ) অনুরোধকৃত তথ্য প্রদানে অপারগ হলে অনধিক ১০ কার্যদিবসের মধ্যে অবহিত করা [ধারা -৯(৩)]

৩.১০ তথ্যের মূল্যতালিকা

ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য ও অন্যান্য ক্ষেত্রে যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর তফসিল 'ঘ' ফরম অনুযায়ী নির্ধারিত হবে;

৩.১১ তথ্য প্রদানে অপারগতা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা আবেদনকারীকে অবহিত করবেন।

৩.১২ আপীল প্রক্রিয়া ও সময়সীমা

কোন ব্যক্তি তথ্য অধিকার আইনের ধারা-৯ (১) (২) বা (৪) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা'র ফরম 'গ' অনুযায়ী করা যাবে। আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ৬ বিধি মতে শুনানী শেষে আপীল নিস্পত্তি করবেন।

	নির্দেশক্রমে **মোহাম্মদ আবুল মনসুর এফসিএস, এফসিএমএ** কোম্পানি সচিব আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানী লিঃ

তথ্য অবমুক্তকরণের ছক:

আবেদন সংক্রান্ত তথ্য:

ক্রমিক নং	মাসের নাম	আবেদনকারীর নাম ও ঠিকানা	আবেদনের বিষয়		সিদ্ধান্ত	
				তথ্য প্রদানকৃত	স্থগিত	খারিজ

ফরমের তালিকা – নিম্নোক্ত ফরমসমূহ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা – ২০২২ এ সংযুক্তকরণ করা হয়েছে।

(অ) ফরম ‘ক’-তথ্য প্রাপ্তির আবেদন পত্র;

(আ) ফরম ‘খ’ -তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;

(ই) ফরম ‘গ’-আপীল আবেদন;

(ঈ) ফরম ‘ঘ’- তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি;

(উ) ফরম ‘ক’- অভিযোগ দায়েরের ফরম